

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৭৪৯

পর্ব-১১: হজ (এшاسال)

পরিচ্ছেদঃ ১৫. দিতীয় অনুচ্ছেদ - মদীনার হারামকে আল্লাহ তা'আলা কর্তৃক সংরক্ষণ প্রসঙ্গে

আরবী

وَعَنِ الزُّبَيْرِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّ صَيْدَ وَجٍّ وَعِضَاهَهُ حِرْمٌ مُحَرَّمٌ لِلَّهِ» . رَوَاهُ أَبُو دَاوُدَ وَقَالَ مُحْيِي السُّنَّةِ: «وَجُّ» ذَكَرُوا أَنَّهَا مِنْ نَاحِيَةِ الطَّائِف وَقَالَ الْخَطابِيّ: «إِنَّه» بدل «إِنَّهَا»

বাংলা

২৭৪৯-[২২] যুবায়র ইবনুল 'আও্ওয়াম (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ওয়াজ্জ-এর শিকার করা ও এর কাঁটাযুক্ত গাছ কেটে ফেলা আল্লাহর পক্ষ থেকে হারাম করা হারাম। [আবূ দাউদ; মুহয়্যিইউস্ সুন্নাহ্ বলেন, হুঁও (ওয়াজ্জ) হলো তৃয়িফের একটি অঞ্চল। ইমাম খাত্ত্বাবী (রহঃ) لَوْمَا عَدْوَ وَاللّٰهُ عَرْصَاءُ وَاللّٰهُ وَاللّٰهُ عَرْصَاءً وَاللّٰهُ وَاللّٰهُ عَرْصَاءً وَاللّٰهُ وَاللّٰهُ عَرْصَاءً وَاللّٰهُ وَاللّٰ

ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ২০৩২, আহমাদ ১৪১৬, সুনানুল কুবরা লিল বায়হাকী ৯৯৭৭, য'ঈফ আল জামি' ১৮৭৫। কারণ এর সনদে মুহাম্মাদ ইবনু 'আবদুল্লাহ ইবনু ইনসান একজন দুর্বল রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (اَوْرَ) ''ওয়াজ্জ'' হলো ত্বয়িফ কিংবা ত্বয়িফের একটি এলাকা, কেউ বলেছেন ত্বয়িফের একটি দূর্গের নাম ''ওয়াজ্জ''। ইমাম শাফি'ঈর একদল অনুসারী এখানকার শিকার ধরা ও বৃক্ষ কর্তন মাকরূহ মনে করেন। এদেরই আরেকদল মাকরূহ তো মনে করেনই সেটা মাকরূহে তাহরীমী। তারা বলেন, ইমাম শাফি'ঈ এটাকে যে মাকরূহ মনে করতেন সেটা মাকরূহে তাহরীমীই।

ত্বয়িফের এ "ওয়াজ্জ'' নামক স্থানের শিকার ও বৃক্ষ কর্তনের নিষিদ্ধতা কি স্থায়ী, না সাময়িক? এ প্রশ্নের উত্তরে 'উলামাগণ বলেছেন, এ নিষিদ্ধতা একটি নির্দিষ্ট সময়ের জন্য ছিল। অতঃপর নিষেধাজ্ঞা উঠিয়ে নেয়া হয়েছে।



জানা যায় একবার রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সেনাগণ ত্বয়িফ অবরোধ করেছিল এ সময় অন্য সর্বসাধারণের জন্য শিকার ইত্যাদি নিষেধ করা হয়েছিল, যাতে সেনাদের শিকার ধরা সহজসাধ্য হয়।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন